

ওয়েবসেচ প্রকাশের দুই সপ্তাহ

# সমকাল

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট কনফারেন্স

প্রকাশ: ২২ এপ্রিল ২০১৯

### অনলাইন ডেস্ক



ছবি: ফাইল

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে শুরু হতে যাচ্ছে 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট (আইসিবিএম)- ২০১৯'। আগামী বৃহস্পতিবার (২৫ এপ্রিল ২০১৯) রাজধানীর হোটেল ওয়েস্টিনে শুরু হচ্ছে শিক্ষার্থী-গ্র্যাজুয়েট ও গবেষকদের এই মিলনমেলা। দ্বিতীয়বারের মতো তিন দিনব্যাপী এই আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করছে ব্র্যাক বিজনেস স্কুল।

শিক্ষামন্ত্রী ড. দিপু মনি শুক্রবার (২৬ এপ্রিল ২০১৯) প্রধান অতিথি হিসেবে এই সম্মেলনের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ব্র্যাক ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ভিনসেন্ট চ্যাং। ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর মোহাম্মদ মাহবুব রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে এসিআই গ্রুপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা ও

কনফারেন্সের প্রোগ্রাম চেয়ার মামুন হাবিব উপস্থিত থাকবেন। রোববার সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ।

কনফারেন্সে চারটি মূল প্রবন্ধ, নয়টি আমন্ত্রিত প্রবন্ধ, আটটি শিল্প সংক্রান্ত প্রবন্ধ ও ২৮টি প্যারালাল সেশনে বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়ের ওপর ১৭০টি প্রবন্ধ উপস্থাপিত হবে।

সম্মেলনের বিভিন্ন অধিবেশনে ২৫০জন অংশগ্রহণ করবেন। যার মধ্যে রয়েছেন মালয়েশিয়া, যুক্তরাজ্য, সিঙ্গাপুর, থাইল্যান্ড, সুইডেন, কানাডা, নাইজেরিয়া, তাইওয়ান ও ভারতসহ ১১ দেশের ৪০জন দেশি-বিদেশি শিক্ষক ও গবেষক। সম্মেলনের শেষ দিনে 'ইন্ডাস্ট্রি টক' এর আয়োজন করা হয়েছে। যেখানে দেশের বিভিন্ন প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানের শীর্ষ ব্যক্তিবর্গ বক্তব্য রাখবেন। সংবাদ বিজ্ঞপ্তি